



রোহিঙ্গা-স্থানীয় জনগোষ্ঠীর সহায়তায় অস্ট্রেলিয়া-ইউনিসেফ চুক্তি



ছবি: সংগৃহীত

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠী এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় বাসিন্দাদের জন্য মানবিক সহায়তা জোরদারে অস্ট্রেলিয়া সরকার ও ইউনিসেফের মধ্যে একটি অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

বুধবার (২৪ জুন) সচিবালয়ে আয়োজিত অনুষ্ঠানে ১৬ মিলিয়ন অস্ট্রেলিয়ান ডলার, বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৩৭ কোটি টাকার এ চুক্তিতে সই করেন বাংলাদেশে অস্ট্রেলিয়ার হাইকমিশনার সুসান রাইল এবং ইউনিসেফ বাংলাদেশের প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স। অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

চুক্তির আওতায় পাওয়া অর্থ শিক্ষা, পুষ্টি, শিশু সুরক্ষা, নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি উন্নয়নসহ বিভিন্ন মানবিক কর্মসূচিতে ব্যয় করা হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী আন্তর্জাতিক সহযোগিতার জন্য অস্ট্রেলিয়া সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন, রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত না হওয়া পর্যন্ত বৈশ্বিক অংশীদারদের সহায়তা অব্যাহত থাকা প্রয়োজন।

সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এই অর্থায়ন ২০২৬-২০২৮ মেয়াদে রোহিঙ্গা ও স্থানীয় জনগোষ্ঠীর জন্য ঘোষিত অস্ট্রেলিয়ার বৃহত্তর মানবিক সহায়তা কর্মসূচির অংশ। ২০১৭ সালে রোহিঙ্গা সংকট শুরু পর থেকে অস্ট্রেলিয়া এ অঞ্চলে ধারাবাহিকভাবে মানবিক সহায়তা দিয়ে আসছে।